

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০১৭

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৪ কার্তিক ১৪২৪/১৯ অক্টোবর ২০১৭

নং ২৩.০০.০০০০.১৪০.১৯.৮৭.১৬-২৯৪—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিএ-২৮৮৭ ব্রিগেডিয়ার জেনারেল শাহ সগিরুল ইসলাম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি-কে কুয়েত-এ অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

- প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ সেনা বাহিনীতে বহাল থাকবে;
- তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার পদে কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন;
- তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা এ্যাট্যাচী খাত হতে এবং আউটফিট ও বদলী মঞ্জুরী বাবদ প্রাপ্য অর্থ সেনাবাহিনীর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে;
- কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে;
- বিএ-২৮৮৭ ব্রিগেডিয়ার জেনারেল শাহ সগিরুল ইসলাম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি সপরিবারে (স্ত্রী মাহবুবা সালমা তাবাসসুম, কন্যা রুতবা তারাননুম শাহ ও বুবাব তারাননুম শাহ এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকাসহ) কুয়েত গমন করতে পারবেন;
- গৃহভৃত্য/গৃহপরিচারিকা সৗ/২ নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ্নাজ রব
যুগ্মসচিব।

প্রজ্ঞাপন

তারিখ, ০৯ কার্তিক ১৪২৪/২৪ অক্টোবর ২০১৭

নং ২৩.০০.০০০০.১৮০.১২.১৭৭.১৬-৩৮৭—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত কর্মচারীদেরকে তাঁদের নামের পাশে উল্লিখিত বাহিনী সদর দপ্তরসমূহ ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোভুক্ত অধীক্ষক পদে এবং বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

ক্রমিক নং	নাম ও বর্তমান পদবী	পদোন্নতি প্রাপ্ত পদ	পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১।	জনাব মোঃ জিয়াউল ইসলাম সহকারী, ব্যক্তিগত নম্বর-৭১৩২।	অধীক্ষক	টাকা ১৬০০০—৩৮৬৪০/- ও দশম গ্রেড

ক্রমিক নং	নাম ও বর্তমান পদবী	পদোন্নতিপ্রাপ্ত পদ	পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
২।	জনাব এ. কে. এম. মনিরুজ্জামান মোল্লা সহকারী, ব্যক্তিগত নম্বর ৭১৩৭।	অধীক্ষক	টাকা ১৬০০০—৩৮৬৪০/- ও দশম গ্রেড
৩।	জনাব মোঃ আরিফুর রহমান সহকারী ব্যক্তিগত নম্বর ৭১৩৮	অধীক্ষক	টাকা ১৬০০০—৩৮৬৪০/- ও দশম গ্রেড
৪।	জনাব সরদার নজরুল ইসলাম সহকারী ব্যক্তিগত নম্বর ৭১৩৯	অধীক্ষক (অস্থায়ী পদের বিপরীতে)	টাকা ১৬০০০—৩৮৬৪০/- ও দশম গ্রেড

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত ছকের ৪ নম্বর ক্রমিকে অবস্থিত সহকারী জনাব সরদার নজরুল ইসলাম (ব্যক্তিগত নম্বর-৭১৩৯)-এর পদোন্নতি প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সাংগঠনিক কাঠামোতে নবসৃজিত অধীক্ষকের ১(এক)টি অস্থায়ী শূন্য পদে অস্থায়ী পদোন্নতি হিসাবে বিবেচিত হবে।

৩। ‘Armed Forces Headquarters Civilian Officers Recruitment Rules, 1982’-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মচারীগণ যোগদানের তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল অনধিক ২(দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৪। শিক্ষানবিশকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

৫। সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালা ৬(ছয়) নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৬। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্মসচিব।